# উৎকৃষ্ট সোনা

Edition 2024
© by GBV
printed in Germany

GBV Dillenburg GmbH
Eiershäuser Straße 54
35713 Eschenburg
GERMANY
www.gbv-dillenburg.de
www.gbv-online.org

আদিতে বাক্য ছিলেন,
এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন,
এবং বাক্য ঈশ্বর ছিলেন।

**যোহন ১ঃ১**

তাঁহার মধ্যে জীবন ছিল,
এবং সেই জীবন
মনুষ্যগণের জ্যোতি ছিল।

**যোহন ১ঃ৪**

যীশু বলিলেন, আমি জগতের
জ্যোতি; যে আমার পশ্চাত আইসে,
সে কোনমতে অন্ধকারে চলিবে না,
কিন্তু জীবনের দীপ্তি পাইবে।

**যোহন ৮ : ১২**

যীশু তাঁহাকে বলিলেন,
আমিই পথ ও সত্য ও জীবন;
আমা দিয়া না আসিলে কেহ
পিতার নিকটে আইসে না।

**যোহন ১৪ : ৬**



কেহ যদি তৃষ্ণার্ত্ত হয়
তবে আমার কাছে আসিয়া
পান করুক। যে আমাতে
বিশ্বাস করে, শাস্ত্রে যেমন
বলে, তাহার অন্তর হইতে
জীবন্ত জলের নদী বহিবে।

**যোহন ৭ : ৩৭, ৩৮**

তিনি আমাদের অধর্ম্মের
নিমিত্ত বিদ্ধ, আমাদের
অপরাধের নিমিত্ত হইলেন;
আমাদের শান্তিজনক শাস্তি
তাঁহার উপরে বর্ত্তিল,
এবং তাঁহার ক্ষত সকল
দ্বারা আমাদের
আরোগ্য হইল।

**যিশাইয় ৫৩ঃ৫**



দেখ, আমি দ্বারে দাঁড়াইয়া আছি,
ও আঘাত করিতেছি; কেহ যদি
আমার রব শুনেও দ্বার খুলিয়া
দেয়, তবে আমি তাহার কাছে
প্রবেশ করিব।

**প্রকাশিত বাক্য ৩ঃ২০**

যেন বিশ্বাস দ্বারা
খ্রীষ্ট তোমাদের হৃদয়ে
বাস করেন।

**ইফিষীয় ৩ঃ১৭**

সত্য, সত্য, আমি তোমাদিগকে
বলিতেছি, যে ব্যক্তি
আমার বাক্য শুনে, ও
যিনি আমাকে পাঠাইয়াছেন,
তাঁহাকে বিশ্বাস করে,
সে অনন্ত জীবন প্রাপ্ত হইয়াছে,
এবং বিচারে আনীত হয় না,
কিন্তু সে মৃত্যু হইতে
জীবনে পার হইয়া গিয়াছে।
**যোহন ৫ ঃ ২৪**



কারণ ঈশ্বর জগৎকে
এমন প্রেম করিলেন যে,
আপনার একজাত পুত্রকে
দান করিলেন, যেন, যে
কেহ তাঁহাতে বিশ্বাস
করে সে বিনষ্ট না
হয়, কিন্তু অনন্ত
জীবন পায়।
**যোহন ৩ ঃ ১৬**

হে পরিশ্রান্ত ও
ভারাক্রান্ত লোক সকল,
আমার নিকটে আইস,
আমি তোমাদিগকে
বিশ্রাম দিব।
কারণ আমার যোঁয়ালি
সহজ ও আমার
ভার লঘু।
**মথি ১১ ঃ ২৮ ঃ ৩০**



কেননা পাপের বেতন মৃত্যু;
কিন্তু ঈশ্বরের অনুগ্রহ-দান
আমাদের প্রভু যীশু
খ্রীষ্টেতে অনন্ত জীবন।
**রোমীয় ৬ ঃ ২৩**
হে ঈশ্বর, আমার প্রতি,
এই পাপীর প্রতি
দয়া কর।
**লূক ১৮ ঃ ১৩**

অতএব এখন, যাহারা খ্রীষ্ট
যীশুতে আছে, তাহাদের প্রতি
কোন দন্ডাজ্ঞা নাই।

**রোমীয় ৮ঃ ১**

কিন্তু এই সকল লেখা হইয়াছে,
যেন তোমারা বিশ্বাস কর যে,
যীশুই খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র,
আর বিশ্বাস করিয়া যেন তাঁহার
নামে জীবন প্রাপ্ত হও।

**যোহন ২০ঃ৩১**



কিন্তু তোমাদের নাম যে
স্বর্গে লিখিত আছে,
ইহাতেই আনন্দ কর।

**লুক ১০ঃ ২০**

অতএব বিশ্বাসহেতু ধার্মিক
গণিত হওয়াতে আমাদের
প্রভু যাশু খ্রীষ্ট দ্বরা
আমরা ঈশ্বরের উদ্দেশে
সন্ধি লাভ করিয়াছি।

**রোমায় ৫ঃ ১**

আইস, এখন সকই প্রস্তুত।

**লুক ১৪ঃ ১৭**

পরিত্রাণ পাইবার জন্য
আমাকে কি করিতে হইবে।
তাঁহারা কহিলেন,
তুমি ও তোমরা পরিবার
প্রভু যীশুতে বিশ্বাস কর,
তাহাতে পরিত্রাণ পাইবে।

**প্রেরিত ১৬ঃ ৩০, ৩১**



যে কেহ তাঁহাতে বিশ্বাস করে
সে তাঁহার নামের গুণে
পাপমোচন প্রাপ্ত হয়।

**প্রেরিত ১০ঃ৪৩**

সেই যীশু আমাদের অপরাধের
নিমিত্ত সমর্পিত হইলেন,
এবং আমাদের ধার্মিকগণনার
নিমিত্ত উত্থাপিত হইলেন।

**রোমীয় ৪ঃ২৫**

কিন্তু যত লোক তাঁহাকে গ্রহণ
করিল, সেই সকলকে, যাহারা
তাঁহার নামে বিশ্বস করে,
তাহাদিগকে, তিনি ঈশ্বরের
সন্তান হইবার ক্ষমতা দিলেন।

**যোহন ১ঃ ১২**

অতএব তোমারা মন ফিরাও,
ওফির, যেন তোমাদের
পাপ মুছিয়া ফেলা হয়।

**প্রেরিত ৩ঃ১৯**



যে কেহ আমার কাছে
আসিবে, তাহাকে আমি
কোন মতে বাহিরে
ফেলিয়া দিব না

**যোহন ৬ঃ৩৭**

কারণ যাহা হারাইয়া গিয়াছিল,
তাহার অন্বেষণ ও পরিত্রাণ
করিতে মনুষ্যপুত্র আসিয়াছেন

**লুক ১৯ঃ১০**

অতএব আমরা তাঁহার
মৃত্যুর উদ্দেশ্যে বাপ্তিস্ম
দ্বারা তাঁহার সহিত
সমাধি প্রাপ্ত হইয়াছি;
যেন, খ্রীষ্ট যেমন পিতার
মহিমা দ্বারা মৃতগণের মধ্য
হইতে উত্থাপিত হইলেন,
তেমনি
আমরাও জীবনের
নূতনতায় চলি।

**রোমীয় ৬ ঃ ৪**



আর দেখ, আমিই যুগান্ত
পর্যন্ত প্রতিদিন
সঙ্গে সঙ্গে আছি।

**মথি ২৮ ঃ ২০**

তোমাদের দীপ্তি মনুষ্যদের
সাক্ষাতে উজ্জ্বল হউক,
যেন তাহারা তোমাদের
স্বর্গস্থ পিতার গৌরব করে।

**মথি ৫ ঃ ১৬**

আমার মেষেরা আমার রব শুনে,
আর আমি তাহাদিগকে জানি,
এবং তাহার আমর পশ্চাদগমন
করে, আর আমি তাহাদিগকে
অনন্ত জীবন দিই, তাহারা
কখনই বিনষ্ট হইবে না,
এবং কেহই আমার হস্ত
হইতে তাহাদিগকে কাড়িয়া
লইবে না।

**যোহন ১০ ঃ ২৮**



কেননা খ্রীষ্ট ও তোমাদের
নিমিত্ত দুঃখ ভোগ করিলেন,
এ বিষয়ে তোমাদের জন্য
এক আদর্শ রাখিয়া গিয়াছেন,
যেন তোমারা তাঁহার
পদচিহ্নের অনুগমন কর।

**১ পিতর ২ ঃ ২১**

বিশ্বাসের উত্তম যুদ্ধে
প্রণপণ কর।

**১ তীমথিয় ৬ ঃ ১২**

কেননা অনু গ্রহেই, বিশ্বাস দ্বারা
তোমারা পরিত্রাণ পাইয়াছ,
এবং ইহা তোমাদের হইতে
হয় নাই, ঈশ্বরেরই দান,
তাহা কর্ম্মের ফল নয়,
যেন কেহ শ্লাঘা না করে।
**ইফিষীয় ২ঃ ৮, ৯**
ঈশ্বরের বর্ণনাতীত দানের নিমিত্ত
তাঁহার ধন্যবাদ হউক।
**২ করিন্থীয় ৯ ঃ ১৫**



কিন্তু তিনি যেমন
জ্যোতিতে আছেন,
আমরাও যদি তেমনি
জ্যোতিতে চলি, তবে পরস্পর
আমাদের সহভাগিতা আছে,
এবং তাঁহার পুত্র
যীশুর রক্ত আমাদিগকে
সমস্ত পাপ হইতে
শুচি করে।
**১ যোহন ১ ঃ ৭**

আমি ত চিরপ্রেমে তোমাকে
প্রেম করিয়া আসিতেছি,
এই জন্য আমি তোমার প্রতি
চিরস্থায়ী দয়া করিলাম।
যিরমিয় ৩১ ঃ ৩

ভয় করিও না,
কারণ আমি তোমার
সঙ্গে সঙ্গে আছি।
**যিশাইয় ৪১ ঃ ১০**



কেননা আমি তোমাদের
জন্য স্থান প্রস্তুত
করিতে যাইতেছি।
আমি পুনর্ব্বার আসিব,
এবং আমার নিকটে
তোমাদিগকে লইয়া যাইব,
যেন, আমি যেখানে থাকি,
তোমরাও সেখানে থাক।
**যোহন ১৪ ঃ ২ ৩**

তৃণ শুষ্ক হইয়া যায়,
পুষ্প ম্লান হইয়া পড়ে,
কিন্তু আমাদের ঈশ্বরের
বাক্য চিরকাল থাকিবে।
**যিশাইয় ৪০ ঃ ৮**
আকাশের ও পৃথিবীর
লোপ হইবে, কিন্তু
আমার বাক্যের লোপ
কখনও হইবে না।
**লুক ২১ ঃ ৩৩**



যাহা কিছু তোমরা
প্রর্থনা ও যাজ্ঞা কর,
বিশ্বস করিও যে,
তাহা পাইয়াছ,
তাহাতে তোমাদের জন্য
তাহাই হইবে।
**মার্ক ১১ ঃ ২৪**

তোমরা আত্মার বশে
চল, তাহা হইলে
মাংসের অভিলাষ
পূর্ণ করিবে না।
**গালাতীয় ৫ ঃ ১৬**
আর ঈশ্বরের সেই
পবিত্র আত্মাকে দুঃখিত
করিও না।
**ইফিষীয় ৪ ঃ ৩০**



যে কেহ আমাকে ও
আমার বাক্যকে লজ্জার
বিষয় জ্ঞান করে,
মনুষ্যপুত্র যখন আপনার
প্রতাপে এবং পিতার ও
পবিত্র দূতগণের প্রতাপে
আসিবেন, তখন তিনি
তাহাকে লজ্জার বিষয়
জ্ঞান করিবেন।
**লূক ৯ঃ ২৬**

কারণ প্রভু স্বয়ং আনন্দধ্বনি সহ,
ঈশ্বরের তূরীবাদ্য সহ স্বর্গ হইতে
নামিয়া আসিবেন, আর যাহারা খ্রীষ্টে
মরিয়াছে, তাহারা প্রথমে উঠিবে।
পরে আমরা যাহারা জীবিত আছি,
আমরা আকাশ প্রভুর সহিত সাক্ষাৎ
করিবার নিমিত্ত একসঙ্গে তাহাদের
সহিত মেঘযোগে নীত হইব;
এইরূপে সতত প্রভুর সঙ্গে থাকিব।
**১ থিষলনীকীয় ৪ ঃ ১৬, ১৭**



পরে আমি ‘‘এক নূতন
আকাশ ও নূতন
পৃথিবী’’ দেখিলাম।
আর তিনি তাহাদের সমস্ত
নেত্রজল মুছাইয়া দিবেন;
এবং মৃত্যু আর হইবে না;
শোক বা আর্ত্তনাদ বা
ব্যথাও আর হইবে না;
কারণ প্রথম বিষয় সকল
লুপ্ত হইল।
**প্রকাশিত বাক্য ২১ ঃ১, ৪**

দেখ, আমি শীঘ্রই
আসিতেছি।
আর যে পিপাসিত, সে
আইসুক; যে ইচ্ছা করে,
সে বিলামূল্যে জীবন- জল
গ্রহণ করুক।
আমেন;
প্রভু যীশু, আইস।
**প্রকাশিত বাক্য ২২ ঃ ১২,১৭,২০**



পবিত্র শাস্ত্র বাইবেল পড়ুন ইহা জীবন্ত ঈশ্বরের বাক্য। অনাদি ও অনন্ত ঈশ্বর আপনার জন্য চিন্তা করেন, আপনাকে এক পরিষ্কার পরিচ্ছন্ন ও পবিত্র জীবন দিতে চান। তিনি আপনাকে সুখশান্তি ও সমৃদ্ধির পথে পরিচালিত করতে চান। আজই তাঁকে হৃদয়ে বিশ্বাস করুন।

(কোন প্রশ্ন থাকলে অন্য কাগজে লিখে পাঠান।)

অনুগ্রহ পূর্ব্বক আমাকে একটি নূতন নিয়ম বই পাঠান।

নাম ঃ ..................................................

ঠিকানা ঃ ..............................................

............................................................

**EVA SUNIL KR. GHOSH**
CHRISTIAN ASSEMBLY,
Vill- Jiarah, P.O.- Bandpur,
Dist.- Hooghly. W.B. Pin- 712701

**BENGALI**

Pure Gold

GBV 117 4120 Bengali